অতিরিক্ত সচিব (সমন্বয়)
মন্ত্রিপরিষদ বিভাগ
(প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়)
(সংস্কার ও উন্নয়ন সমন্বয়)

সচিব (সমন্বয় ও সংস্কার) এর দপ্তর
মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসূচি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

নির্দেশে প্রেরণ করা হল।

নং- ৪১.০০.০০০০.০৪৩.০২.০১.২০১৬-

বৈশাখ ১৪২৩
মে ২০১৬

বিষয় : 'সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র ২৪তম বিশেষ সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে 'সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র ২৪তম বিশেষ সভা গত ০৮-০৫-২০১৬ তারিখ মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : যথাবর্ণনা।

স্বাঃ
(মোঃ সুলতান আহমেদ)
সহকারী সচিব
☎ ৯৫৪০১৬৯।

বিতরণ :

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় সমাজকল্যাণ মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মাননীয় মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রীর একান্ত সচিব,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় সমাজকল্যাণ প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৪১.০০.০০০০.০৪৩.০২.০১.২০১৬-৩২০

তারিখ-১২ /০৫/২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন, ঢাকা।
৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

১২.০৫.১৬
(মোঃ সুলতান আহমেদ)
সহকারী সচিব

# সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র ২৪তম সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল মাল আবদুল মুহিত, এম,পি
মাননীয় মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়

সভার স্থান : অর্থ বিভাগের সভাকক্ষ (কক্ষ নং- ৩৩১, ৪র্থ তলা, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

তারিখ ও সময় : ০৮ মে ২০১৬, বেলা ১১.০০ ঘটিকায়।

সভার উপস্থিতি : পরিশিষ্ট-'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সূচনাবক্তব্য প্রদান করেন। তিনি কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব প্রমোদ মানকিন, এম,পি এর অসুস্থতার কারণে বিদেশে অবস্থান করায় সমাজকল্যাণ সচিবকে কার্যপত্র উপস্থাপনের অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপন করেন।

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **২৩তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ এবং সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি :** | সভাপতি'র অনুমতিক্রমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব বিগত ০৬-০৯-২০১৫ তারিখে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র ২৩তম সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে তা গৃহীত হয়। একই সাথে সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতিও পর্যালোচনান্তে সন্তোষ প্রকাশ করা হয়। | সংশ্লিষ্ট মন্ত্রণালয় |
| **সমাজকল্যাণ মন্ত্রণালয় সংশ্লিষ্ট ভাতা কার্যক্রম:** | **(i) <u>বয়স্কভাতা :</u>**<br>২০১৫-১৬ অর্থ বছরে ভাতাভোগীর সংখ্যা ৩০.০০ লক্ষ। এ খাতে চলতি অর্থ বছরে ১৪৪০.০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ (জুলাই'২০১৫ হতে জুন'২০১৬ পর্যন্ত) সমুদয় অর্থ ছাড় করা হয়েছে। ভাতাভোগীর ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে মাঠ পর্যায়ে ভাতা বিতরণ কার্যক্রম অব্যাহত আছে।<br>**(ii) <u>বিধবা ও স্বামী নিগৃহীত মহিলাদের জন্য ভাতা :</u>**<br>২০১৫-১৬ অর্থ বছরে ভাতাভোগীর সংখ্যা ১১ লক্ষ ১৩ হাজার ২০০ জন। এ খাতে চলতি অর্থ বছরে ৫৩৪.৩৪ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিবাবদ (জুলাই'২০১৫ হতে জুন'২০১৬ পর্যন্ত) সমুদয় অর্থ ছাড় করা হয়েছে। ভাতাভোগীর ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে মাঠ পর্যায়ে ভাতা বিতরণ কার্যক্রম অব্যাহত আছে।<br>**(iii) <u>অসচ্ছল প্রতিবন্ধীদের জন্য ভাতা :</u>**<br>২০১৫-১৬ অর্থ বছরে ভাতাভোগীর সংখ্যা ৬.০০ লক্ষ। এ খাতে চলতি অর্থ বছরে ৩৬০.০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দকৃত | সমাজকল্যাণ মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়। |

| | | |
|---|---|---|
| | অর্থ হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিবাবদ (জুলাই'২০১৫ হতে জুন'২০১৬ পর্যন্ত) সমুদয় অর্থ ছাড় করা হয়েছে। ভাতাভোগীর ব্যাংক একাউন্টের মাধ্যমে মাঠ পর্যায়ে ভাতা বিতরণ কার্যক্রম অব্যাহত আছে।<br><br>**(iv) প্রতিবন্ধীদের জন্য শিক্ষা উপবৃত্তি :**<br><br>২০১৫-১৬ অর্থ বছরে ভাতাভোগীর সংখ্যা ৬০,০০০। এ খাতে চলতি অর্থ বছরে ৪১.৮৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিবাবদ (জুলাই'২০১৫ হতে জুন'২০১৬ পর্যন্ত) সমুদয় অর্থ ছাড় করা হয়েছে।<br><br>**(v) হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম :**<br><br>২০১৫-২০১৬ অর্থ বছরের কর্মসূচির বরাদ্দ ৮ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। কার্যক্রমটি বর্তমানে ৬৪টি জেলায় বাস্তবায়িত হচ্ছে। এ অর্থ বছরে ১৪৭৬ জন হিজড়া শিক্ষার্থীকে শিক্ষা উপবৃত্তি এবং ২৩৪০ জন হিজড়াকে ৫০০ টাকা হারে বিশেষ/বয়স্ক ভাতা এবং ১৫০০ জন হিজড়াকে আর্থ-সামাজিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। চলতি ২০১৫-১৬ অর্থ বছরে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিবাবদ (জুলাই'২০১৫ হতে জুন'২০১৬ পর্যন্ত) সমুদয় অর্থ ছাড় করা হয়েছে।<br><br>**(vi) দলিত ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি :**<br><br>২০১৫-১৬ অর্থ বছরে ৬৪ জেলায় এ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৮ কোটি টাকা। বরাদ্দকৃত অর্থে ৮৫২৬ জনকে শিক্ষা উপবৃত্তি, ১৯১৩৯ জনকে ৪০০ টাকা হারে বিশেষ/বয়স্ক ভাতা এবং ১২৫০ জনকে আর্থসামাজিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। চলতি ২০১৫-১৬ অর্থবছরে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিবাবদ (জুলাই'২০১৫ হতে জুন'২০১৬ পর্যন্ত) সমুদয় অর্থ ছাড় করা হয়েছে।<br><br>**কর্মসূচির নতুন নামকরণ:**<br><br>মাননীয় অর্থমন্ত্রী সভাকে অবহিত করেন যে, বাংলাদেশে 'দলিত' বলে কোন জনগোষ্ঠী নাই। সমাজে যারা দলন ও নীপিড়নের শিকার তারাই 'দলিত'। এ ধরণের কোন লোক বাংলাদেশে না থাকায় 'দলিত' শব্দটি বাদ দিয়ে তিনি কর্মসূচির নাম "বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি" করার প্রস্তাব করেন। উপস্থিত সকলেই প্রস্তাব সমর্থন করেন।<br><br>**(vii) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি:**<br><br>ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা রোগে আক্রান্ত গরীব রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান এবং সুস্থ ও স্বাভাবিক জীবনে ফিরে আসতে সহায়তা করার লক্ষে সরকার | |

| | | |
|---|---|---|
| | ২০১৫-১৬ অর্থ বছরে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তাকর্মসূচির খাতে বাজেটে ২০.০০ কোটি টাকার সংস্থান রাখা হয় এবং ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ সমুদয় অর্থ ছাড় করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা নির্বাচিত গরীব ৩৯৮০ জন রোগী প্রত্যেককে এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা করে প্রদান করা হবে।<br><br>(viii) **চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি:**<br><br>চা-বাগানে চা-পাতা তোলার কাজ যারা করে মূলত তারাই চা-শ্রমিক। তাদের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়ন ও সামাজিক নিরাপত্তা বিধান, আপদকালীন সময়ে চা-শ্রমিকদের খাদ্য সহায়তা প্রদান এবং পরিবার ও সমাজে তাদের মর্যাদা বৃদ্ধির লক্ষে সরকার ২০১৫-১৬ অর্থবছরে 'চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন' শীর্ষক কর্মসূচির খাতে বাজেটে ১০.০০ কোটি টাকার সংস্থান রাখা হয় এবং ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিবাবদ সমুদয় অর্থ ছাড় করা হয়েছে। বাজেট বরাদ্দ সাপেক্ষে অগ্রাধিকারভিত্তিতে প্রকৃত দুঃস্থ ও গরীব চা-শ্রমিককে নির্বাচন করে প্রতি চা-শ্রমিক পরিবারকে বার্ষিক সর্বমোট ৫,০০০ (পাঁচ হাজার) টাকার খাদ্য ও অন্যান্য সামগ্রী পৃথক পৃথক প্যাকেটজাত অবস্থায় মোট ৩ বারে বিতরণ করা হয়। | |
| **মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট ভাতা কার্যক্রম:** | **মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা :**<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বলেন, মুক্তিযোদ্ধারা এদেশের গর্ব। স্বাধীনতা যুদ্ধে তাঁদের অবদান অবিশ্বরণীয়। মুক্তিযোদ্ধারা অনেকে বয়স্ক এবং গরীব। তাঁদের সংখ্যা দিন দিন কমছে। আমরা সাধারণ লোকের জন্য অনেক কিছুই করি কিন্তু মুক্তিযোদ্ধাদের সামান্য ভাতা ছাড়া আর কিছু করা হয়নি। তাঁরা কারো কাছে হাত পাততে পারে না। তিনি মুক্তিযোদ্ধাদের মাসিক ভাতা জানুয়ারি/১৬ হতে ৮,০০০/- টাকা থেকে ১০,০০০/- টাকায় বৃদ্ধি করায় সরকারকে ধন্যবাদ জানান। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়। |

<table>
<tr>
<td>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত ভাতা কার্যক্রম :</td>
<td><u>(ক) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা :</u><br><br>মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০০৯ সনের KPI অনুযায়ী লক্ষ্যমাত্রা ৬০,৮০,৭৬৭ জন। ২০১৫ পর্যন্ত ১০,৭৫,৭৮০ জন মহিলাকে এ কর্মসূচির সাথে সম্পৃক্ত করা হয়েছে। আগামী ১০ বছরে KPI এর লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে প্রতিবছর ৫,০০,০০০ জন মহিলাকে এ কর্মসূচির আওতায় নিতে হবে। এ জন্য আগামী ২০১৬-১৭ অর্থ বছরে ভাতাভোগীর সংখ্যা-২.৬৪ লক্ষ হতে ৫.০০ লক্ষে উন্নীতকরণের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাব করা হয়েছে। এ জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ৩২০.০০ কোটি টাকা বরাদ্দের প্রয়োজন হবে।<br><br><u>(খ) 'কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল' :</u><br><br>বর্তমানে ১১টি সিটি কর্পোরেশন ও ১১৯টি পৌরসভায় এ কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে। দেশের সকল পৌর এলাকার কর্মজীবী দু:স্থ ও তার শিশু সন্তানের পুষ্টি ও অন্যান্য সেবা নিশ্চিত করণের লক্ষ্যে অবশিষ্ট (৩২০-১১৯)=২০১টি পৌরসভায় এ কার্যক্রম চালু করা প্রয়োজন। প্রতিটি পৌরসভায় ৩০০ জন হিসেবে ২০১টি পৌরসভার জন্য আরো ৬০,৩০০ জন উপকারভোগী অন্তর্ভূক্ত করা প্রয়োজন। এ জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ভাতাভোগীর সংখ্যা ১.২০ লক্ষ হতে ১.৮০৩ লক্ষে উন্নীতকরণের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাব করা হয়েছে। এ জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ১১৬.২৭ কোটি টাকা বরাদ্দের প্রয়োজন হবে।<br><br>(গ) <u>ভিজিডি কার্যক্রম:</u><br><br>মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০০৯ সনের KPI অনুযায়ী লক্ষ্যমাত্রা ৮৭,৭১,০০০ জন। এখন পর্যন্ত ৩৯.০০ লক্ষ জন দরিদ্র মহিলাকে এ কর্মসূচির সাথে সম্পৃক্ত করা হয়েছে। সামাজিক নিরাপত্তা বেস্টনীর আওতা সম্প্রসারণকল্পে ২০১৬-১৭ অর্থ বছরে ভাতাভোগীর সংখ্যা ৭.৫০ লক্ষ হতে ১০.০০ লক্ষে উন্নীতকরণের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাব করা হয়েছে। এ জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ১৩৭৫.৮০ কোটি টাকা বরাদ্দের প্রয়োজন হবে।</td>
<td>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়।</td>
</tr>
<tr>
<td colspan="3">সভায় উপস্থিত সকল সদস্যগণ সক্রিয়ভাবে আলোচনা অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। অত:পর, সার্বিক আলোচনা পর্যালোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:</td>
</tr>
<tr>
<td></td>
<td><u>সিদ্ধান্তসমূহ:</u><br>সমাজকল্যাণ মন্ত্রণালয়:<br><br>(ক) বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে নিশ্চিত করা হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br><br>(i) <u>বয়স্কভাতা:</u><br><br>২০১৬-১৭ অর্থবছরে বয়স্কভাতাভোগীর জনপ্রতি মাসিক ভাতার হার ৪০০/- টাকা হতে ৫০০/-টাকা বৃদ্ধি এবং উপকারভোগীর সংখ্যা ৫% বৃদ্ধি করে ৩০.০০ (ত্রিশ) লক্ষ এর স্থলে ৩১.৫০ (একত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) এ উন্নীত করা হলো।</td>
<td></td>
</tr>
</table>

(ii) বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের জন্য ভাতা:

২০১৬-১৭ অর্থবছরে বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের জন্য ভাতাভোগীর জনপ্রতি মাসিক ভাতার হার ৪০০/- টাকা হতে ৫০০/-টাকা বৃদ্ধি করে উপকারভোগীর বর্তমান সংখ্যা ১১ লক্ষ ১৩ হাজার ২০০ জন এর স্থলে ১১ লক্ষ ৫০ হাজার বৃদ্ধি করা হলো।

(iii) অসচ্ছল প্রতিবন্ধীদের জন্য ভাতা:

২০১৬-১৭ অর্থবছরে অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০/-টাকার স্থলে ৬০০/- টাকা বৃদ্ধি করে উপকারভোগীর সংখ্যা ৬.০০ লক্ষ এর স্থলে ৭.৫০ লক্ষে উন্নীত করা হলো।

(iv) প্রতিবন্ধীদের জন্য শিক্ষা উপবৃত্তি:

২০১৬-১৭ অর্থবছরে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির হার প্রাথমিক স্তরে ৫০০/-, মাধ্যমিক স্তরে ৬০০/-, উচ্চ মাধ্যমিক স্তরে ৭০০/- এবং উচ্চতর স্তরে ১,২০০/- টাকা অপরিবর্তিত রেখে এবং উপকারভোগীর সংখ্যা শুধুমাত্র প্রাথমিক স্তরে ১০,০০০ বৃদ্ধি করে বর্তমানে মোট ৬০,০০০ এর স্থলে ৭০,০০০ করা হলো।

(v) হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম:

২০১৬-১৭ অর্থবছরে হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের অধীনে প্রদেয় বিশেষভাতা/বয়স্ক ভাতাভোগীর জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০/-টাকার স্থলে ৬০০/- বৃদ্ধি করা হলো।

(vi) দলিত ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি:

"দলিত ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির" নাম পরিবর্তন করে "বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি" নামকরণ করা হলো। ২০১৬-১৭ অর্থ বছরে এই কর্মসূচির ভাতাভোগীদের জনপ্রতি মাসিক ভাতার হার ৪০০/- টাকার স্থলে ৫০০/- টাকা করা হলো।

(vii) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি:

২০১৬-১৭ অর্থবছরে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির অধীনে ২০.০০ কোটির স্থলে ৩০.০০ কোটি টাকা বরাদ্দ রাখা হলে।

(viii) চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি:

২০১৬-১৭ অর্থবছরে চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির অধীনে ১০.০০ কোটির স্থলে ১৫.০০ কোটি টাকা বরাদ্দ রাখা হলো।

| | | |
|---|---|---|
| | (খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়:<br><br>জানুয়ারি/২০১৬ হতে মুক্তিযোদ্ধা সম্মানীভাতা মাথাপিছু ১০,০০০/- টাকা হারে বিতরণ করা হচ্ছে বিধায় নতুন করে সিদ্ধান্তের প্রয়োজন নাই। | |
| | (গ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়:<br><br>i. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা:<br>২০১৬-১৭ অর্থ বছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাভোগীর জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০/-টাকা অপরিবর্তিত রেখে উপকারভোগীর সংখ্যা ২.৬৪ লক্ষ হতে ৫.০০ লক্ষে উন্নীত করা হলো।<br>ii. 'কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল':<br>২০১৬-১৭ অর্থবছরে 'কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল' এর ভাতাভোগীর জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০/- টাকা অপরিবর্তিত রেখে উপকারভোগীর সংখ্যা ১.২০ লক্ষ হতে ১.৮০৩ লক্ষে উন্নীত করা হলো।<br>iii. ভিজিডি কার্যক্রম:<br>২০১৬-১৭ অর্থ বছরে ভিজিডি কার্যক্রমের উপকারভোগীর সংখ্যা ৭.৫০ লক্ষ হতে ১০.০০ লক্ষে উন্নীত করা হলো। | |

পরিশেষে, উপস্থিত সকলকে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/- ১১-০৫-২০১৬
(আবুল মাল আবদুল মুহিত, এম,পি)
অর্থমন্ত্রী
ও
সভাপতি
সামাজিক নিরাপত্তা কর্মসূচি
সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।